## The New Age



Dhaka University vice-chancellor ABM Obaidul Islam inaugurates Pubali Bank PLC's ATM-CRM booth at DU premises on Tuesday. — Press release

### Pubali Bank inaugurates ATM-CRM booth at DU

Staff Correspondent

PUBALI Bank PLC on Tuesday inaugurated its 1000th ATM-CRM booth at the University of Dhaka's registrar building, said a press release.

DU vice-chancellor ABM Obaidul Islam inaugurated the booth as chief guest.

Pubali Bank managing director and chief executive officer Mohammad Ali was present as a guest of honour.

DU pro-vice chancellor (administration) Sayema Haque Bidisha attended as a special guest.

DU treasurer M Jahangir Alam Chowdhury presided over the event.

Among others, DU estate manager Fatema Binte Mustafa, Pubali Bank general manager and card operation division head Ashim Kumar Roy, general manager and Dhaka central regional head Abu Laich Md Samsujjaman and Shahbag Avenue branch deputy general manager Mst Masuma Khatun were present at the event.

ABM Obaidul Islam said, 'Expansion of digital banking services is an essential requirement of the present time. This initiative of Pubali Bank will facilitate students, teachers, and all stakeholders of the university community with easy, fast, and secure financial services, and will play an important role in promoting digital transactions.'

Continued on B2 Col. 4

## সমকাল



### ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূবালী ব্যাংকের বুথ উদ্বোধন

মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার ভবনে পূবালী ব্যাংকের এটিএম/সিআরএম বুথ উদ্বোধন করা হয়েছে। এই বুথের মাধ্যমে গ্রাহকরা নগদ উত্তোলনের পাশাপাশি জমা প্রদানসহ বিভিন্ন ধরনের স্বয়ংক্রিয় ব্যাংকিং সেবা সহজেই গ্রহণ করতে পারবেন। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বুথটির উদ্বোধন করেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আলী।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৯ বৈশাখ ১৪৩৩

DU in Media

22 April 2026

## বণিক বার্তা




### পূবালী ব্যাংক পিএলসির ১০০০তম এটিএম বুথ উদ্বোধন

করপোরেট গভর্নেন্স এবং প্রযুক্তিনির্ভর সেবার ধারাবাহিকতায় মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার ভবনে পূবালী ব্যাংক পিএলসি'র ১০০০তম এটিএম/সিআরএম বুথ উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বুথটির উদ্বোধন করেন। অনুষ্ঠানে সম্মানীত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস্টেট ম্যানেজার ফাতেমা বিনতে মুস্তফা, পূবালী ব্যাংকের কার্ড অপারেশন বিভাগের বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক অসীম কুমার রায়, ঢাকা কেন্দ্রীয় অঞ্চলের অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক আবু লাইছ মো. শামসুজ্জামান, শাহবাগ এভিনিউ শাখার উপমহাব্যবস্থাপক মোসা. মাসুমা খাতুন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

## বাংলাদেশ বুলেটিন




### ঢাবির রেজিস্ট্রার ভবনে এটিএম-সিআরএম বুথ চালু করল পূবালী ব্যাংক

বণিক বার্তা ডেস্ক ■

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) রেজিস্ট্রার ভবনে একটি এটিএম-সিআরএম বুথ চালু করেছে পূবালী ব্যাংক পিএলসি। এ উপলক্ষে গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় প্রধান অতিথি হিসেবে ঢাবি উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম বুথটি উদ্বোধন করেন। পূবালী ব্যাংকের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, এটি ব্যাংকটির ১০০০তম এটিএম-সিআরএম বুথ, যার মাধ্যমে গ্রাহকরা নগদ অর্থ উত্তোলন ও জমা দেয়াসহ বিভিন্ন ধরনের স্বয়ংক্রিয় ব্যাংকিং সেবা সহজেই গ্রহণ করতে পারবেন।

উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানীত অতিথি ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মোহাম্মদ আলী। বিশেষ অতিথি ছিলেন ঢাবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা।

অনুষ্ঠানে গ্রাহককেন্দ্রিক ও প্রযুক্তিনির্ভর ব্যাংকিং সেবা প্রদানের প্রতিশ্রুতি তুলে ধরেন পূবালী ব্যাংকের এমডি ও সিইও মোহাম্মদ আলী।

বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক এম জাহাঙ্গীর আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ঢাবির এস্টেট ম্যানেজার ফাতেমা বিনতে মুস্তফা। এছাড়া পূবালী ব্যাংকের পক্ষে ছিলেন কার্ড অপারেশনসের প্রধান ও মহাব্যবস্থাপক অসীম কুমার রায়, ঢাকা কেন্দ্রীয় অঞ্চলপ্রধান ও মহাব্যবস্থাপক আবু লাইছ মো. শামসুজ্জামান এবং শাহবাগ এভিনিউ শাখার উপমহাব্যবস্থাপক মোসা. মাসুমা খাতুন।

## The Daily Star

# Pubali Bank opens 1,000th ATM/CRM booth at DU

STAR BUSINESS DESK

Pubali Bank PLC yesterday launched its 1,000th (ATM/CRM) booth at the Registrar Building of the University of Dhaka.

The newly installed booth will enable customers to avail a wide range of automated banking services, including cash withdrawal and deposit, ensuring a modern, convenient, and time-efficient banking experience. Prof ABM Obaidul Islam, vice-chancellor of the university, inaugurated the booth as the chief guest, according to a press release.

Speaking on the occasion, Prof Islam said, "The expansion of digital banking services is an essential requirement of the present time. This initiative by Pubali Bank PLC will facilitate students, teachers, and other stakeholders of the university community with easy, fast, and secure financial services and play an important role in promoting digital transactions."

Mohammad Ali, managing director and CEO of the bank, also attended the event and reaffirmed the bank's commitment to delivering customer-centric and technology-driven banking services.

"The establishment of our 1,000th ATM/CRM booth at the University of Dhaka marks a significant milestone in our ongoing digital transformation journey," he said. "Pubali Bank PLC will continue to expand its technology-based services, promote financial inclusion, and actively contribute to building a cashless economy," he added.

Prof Sayema Haque Bidisha, pro-vice chancellor (administration) of the University of Dhaka, attended the programme as a special guest, while Prof M Jahangir Alam Chowdhury, treasurer of the university, presided over the event.

Among others, Fatema Binte Mustafa, estate manager of the university; Ashim Kumar Roy, general manager and head of the card operation division at the bank; Abu Laich Md Samsujjaman, general manager and regional head for Dhaka Central; and Masuma Khatun, deputy general manager of Shahbag Avenue Branch, were also present.



Prof ABM Obaidul Islam, vice-chancellor of the University of Dhaka, inaugurates Pubali Bank's 1,000th booth at the university's Registrar Building yesterday. Mohammad Ali, managing director and CEO of Pubali Bank PLC, was present. PHOTO: PUBALI BANK

## আলোকিত বাংলাদেশ



# পূবালী ব্যাংকের ১০০০তম এটিএম সিআরএম বুথ ঢাকা বিশ্ববিদ্যালয়ে

**আলোকিত ডেস্ক :** দেশের ব্যাংকিং খাতে সুদীর্ঘ ঐতিহ্য, শক্তিশালী কর্পোরেট গভর্নেন্স এবং প্রযুক্তিনির্ভর সেবার ধারাবাহিকতায় গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার ভবনে পূবালী ব্যাংক পিএলসির ১০০০তম এটিএম/সিআরএম বুথ উদ্বোধন করা হয়েছে। নতুন এই এটিএম/সিআরএম বুথের মাধ্যমে গ্রাহকরা নগদ উত্তোলনের পাশাপাশি জমা প্রদানসহ বিভিন্ন ধরনের স্বয়ংক্রিয় ব্যাংকিং সেবা সহজেই গ্রহণ করতে পারবেন, যা আধুনিক ও সময়োপযোগী ব্যাংকিং অভিজ্ঞতা নিশ্চিত করবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বুথটির উদ্বোধন করেন। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আলী। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা। সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, পিএইচডি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস্টেট ম্যানেজার ফাতেমা বিনতে মুস্তফা, পূবালী ব্যাংকের কার্ড অপারেশন বিভাগের বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক অসীম কুমার রায়, ঢাকা কেন্দ্রীয় অঞ্চলের অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক আবু লাইছ মো. শামসুজ্জামান, শাহবাগ এভিনিউ শাখার উপমহাব্যবস্থাপক মোসা. মাসুমা খাতুন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

## যুগান্তর



ঢাকা বিশ্ববিদ্যালয়ে মঙ্গলবার 'বর্ষবরণ উৎসব ১৪৩৩' উদযাপনে বক্তৃতা করছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ যুগান্তর

ঢাবিতে 'বর্ষবরণ উৎসব ১৪৩৩'

# সাংস্কৃতিকচর্চা হারিয়ে যেতে দেবেন না

—— ববি হাজ্জাজ

ঢাবি প্রতিনিধি

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বলেছেন, সাংস্কৃতিকচর্চাগুলো (কালচারাল প্র্যাকটিস) হারিয়ে যেতে দেবেন না। মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলা 'বর্ষবরণ উৎসব ১৪৩৩' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। দিনভর অনুষ্ঠানমালায় ছিল বর্ণিল আয়োজন। গ্রামীণমেলা, লোকসংগীত, নৃত্য, আবৃত্তি ও ঐতিহ্যবাহী প্রদর্শনীতে মুখর হয়ে ওঠে বিশ্ববিদ্যালয়ের টিএসসি প্রাঙ্গণ। শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এসব আয়োজনে অংশ নেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সাংস্কৃতিক সংসদ এই উৎসবের আয়োজন করে। সকাল ১০টায় শুরু হয় দিবসের কর্মসূচি। ছিল দেশীয় খাবারের স্টল, লোকজ সংস্কৃতির প্রদর্শনী এবং বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা।

অনুষ্ঠান উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। বিশেষ অতিথি হিসাবে গুণীজন সম্মাননা গ্রহণ করেন নৃত্যশিল্পী শর্মিলা ব্যানার্জি ও সংগীতশিল্পী প্রিয়াঙ্কা গোপ। উপস্থিত ছিলেন ইম্পেরিয়াল হেলথ কেয়ার বিডি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মাহবুবুর রহমান। সভাপতিত্ব করেন সাংস্কৃতিক সংসদের মডারেটর ড. রাশেদা রওনক খান।

অনুষ্ঠানে প্রধান অতিথি আরও বলেন, সব সংস্কৃতির সব অংশেই আপনারা চর্চা করবেন। সংস্কৃতি আপনারা আপনাদের ভেতরে জীবিত রাখবেন, যেন সমাজের ভেতরে সেটা শক্তভাবে টিকে থাকে।

প্রতিমন্ত্রী বলেন, সাংস্কৃতিকচর্চাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মতো জায়গায় এই চর্চাগুলো বহাল থাকা, অব্যাহত থাকা আরও গুরুত্বপূর্ণ। যে রবীন্দ্রপ্রেমী, তাকে সেভাবে থাকতে দেন। যে নজরুলপ্রেমী, তাকে সেভাবেই থাকতে দেন। বাউলপ্রেমী, হামদ-নাতপ্রেমী, তাদেরও তাদের মতো করে থাকতে দেন। এসব থামিয়ে দেওয়ার কোনো প্রচেষ্টা যেন সফল হতে না পারে।

ঢাবি উপাচার্য বলেন, বাংলা নববর্ষ আমাদের ঐতিহ্যের অংশ। বাংলাদেশের যত আনন্দ-উৎসব রয়েছে, তার মধ্যে বাংলা নববর্ষ অত্যন্ত আনন্দমুখর পরিবেশে উদযাপিত হয়। ঐতিহ্যগতভাবেই এটা কয়েকশ বছর ধরে চলে আসছে।

সভাপতির বক্তব্যে ড. রাশেদা রওনক খান বলেন, আমরা চাই প্রত্যেক শিক্ষার্থী যেন উৎসবের আমেজে নিজেদের শেকড়ের সঙ্গে এক গভীর সংযোগ অনুভব করতে পারেন এবং প্রত্যেক সংস্কৃতিপ্রেমী মানুষ টিএসসিকে যেন খুঁজে পান তাদের এক অতিপরিচিত প্রিয়াঙ্গন হিসাবে।

আলোচনাপর্ব শেষে শুরু হয় সাংস্কৃতিক পরিবেশনা। অংশ নেন ঢাবি সাংস্কৃতিক সংসদের সদস্যরা। পরে মঞ্চে পরিবেশনা করে ব্যান্ড 'বাক্ষিণ'। জনপ্রিয় ব্যান্ড 'জলের গান'র কনসার্টের মধ্য দিয়ে শেষ হয় উৎসব।

## বাংলাদেশ প্রতিদিন



প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ গতকাল টিএসসিতে গুণীজন সম্মাননা প্রদান করেন -বাংলাদেশ প্রতিদিন

# ঢাবি সাংস্কৃতিক সংসদের নববর্ষ উদ্‌যাপন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

বাংলা নববর্ষ ঘিরে বর্ণাঢ্য আয়োজনে মুখর হয়ে উঠেছিল ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) প্রাঙ্গণ। গতকাল 'বর্ষবরণ উৎসব-১৪৩৩' শিরোনামে দিনব্যাপী নানান কর্মসূচির আয়োজন করে ঢাকা বিশ্ববিদালয় সাংস্কৃতিক সংসদ। এদিন সকাল থেকেই টিএসসিতে শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশ নেয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। বিশেষ অতিথি ছিলেন ইম্পেরিয়াল হেলথ কেয়ার বিডি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মাহবুবুর রহমান। মুখ্য আলোচক ছিলেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক রেজাউদ্দিন স্টালিন। সভাপতিত্ব করেন সাংস্কৃতিক সংসদের মডারেটর ড. রাশেদা রওনক খান। এ ছাড়া সংগঠনের সভাপতি আতিকুর রহমান তুহা ও সাধারণ সম্পাদক স্মীতা পুরকায়স্থ বক্তব্য দেন। ববি হাজ্জাজ বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের মতো জায়গায় সংস্কৃতির চর্চা অব্যাহত থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঢাকা বিশ্ববিদালয় সাংস্কৃতিক সংসদের অংশীদার যারা আছেন তাদের কাছে আহ্বান, আপনারা শক্তভাবে চর্চাগুলো

এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## সময়ের আলো



ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ষবরণ উৎসবে গতকাল সংগীত পরিবেশনা ● সময়ের আলো

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ষবরণ উৎসব

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হয়েছে বাংলা 'বর্ষবরণ উৎসব ১৪৩৩'। দিনব্যাপী এই আয়োজনে লোকজ ঐতিহ্য, গ্রামীণ আবহ ও আধুনিক সাংস্কৃতিক পরিবেশনার সমন্বয়ে প্রাণবন্ত হয়ে ওঠে ক্যাম্পাস। অনুষ্ঠানে প্রধান অতিথি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ বলেন, উন্মুক্ত সাংস্কৃতিক চর্চাই একটি সমাজকে শক্তিশালী করে- 'যে যেটা পছন্দ করে, সেটাই আমাদের সংস্কৃতির অংশ।'

মঙ্গলবার সকাল ১০টা থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক সংসদের উদ্যোগে শুরু হয় 'গ্রামীণ মেলা', যা ছিল উৎসবের অনন্য আকর্ষণ। দুপুরে হয় উদ্বোধনী শোভাযাত্রা ও আলোচনা। উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। পরে সাংস্কৃতিক পরিবেশনায় অংশ নেন সাংস্কৃতিক সংসদের সদস্যরা। সন্ধ্যায় ব্যান্ড 'বন্দিশ' ও 'জলের গান'-এর পরিবেশনায় শেষ হয় উৎসব।

দিনব্যাপী আয়োজনে ছিল বৈশাখী পোশাক, অলংকার, হস্তশিল্প ও দেশীয় খাবারের স্টল। নাগরদোলা, পুতুল নাচ, বায়োস্কোপ ও পুথিপাঠের মতো চিরায়ত উপাদান নগরজীবনে ফিরিয়ে আনে গ্রামবাংলার আবহ। অনুষ্ঠানে মিডিয়া পার্টনার ছিল দৈনিক সময়ের আলো।

> যে যেটা পছন্দ করে সেটাই আমাদের সংস্কৃতির অংশ
> **ববি হাজ্জাজ শিক্ষা প্রতিমন্ত্রী**

প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ সাংস্কৃতিক বহুত্ববাদ ও স্বাধীন চর্চার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, সাংস্কৃতিক অনুশীলন কখনো হারিয়ে যেতে দেওয়া যাবে না; বরং সব ধরনের সংস্কৃতিকে সমানভাবে চর্চা করতে হবে। অতীতে রাজনৈতিক নানা প্রেক্ষাপটে সাংস্কৃতিক ঐতিহ্যের বিরোধিতার প্রসঙ্গ টেনে তিনি বলেন, এমন প্রবণতা কাম্য নয়; বরং প্রয়োজন উন্মুক্ত ও অন্তর্ভুক্তিমূলক সাংস্কৃতিক পরিবেশ।

তিনি আরও বলেন, সংস্কৃতি কোনো একক ধারা নয়- একটি গান, নাচ বা কবিতার মধ্যেই সংস্কৃতিকে সীমাবদ্ধ করা যায় না। 'আমার কোনো কিছু পছন্দ না-ও হতে পারে, কিন্তু অন্যের সেই চর্চার স্বাধীনতায় বাধা দেওয়ার অধিকার আমার নেই'- যোগ করেন তিনি। রবীন্দ্রসংগীত, নজরুলসংগীত, বাউল কিংবা হামদ-নাত- সব ধারার চর্চাই অব্যাহত রাখার আহ্বান জানান প্রতিমন্ত্রী।

উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, বাংলা নববর্ষ বাঙালির বহু শতাব্দীর ঐতিহ্যের ধারক। একটি জাতির সংস্কৃতি যত সমৃদ্ধ হয়, ততই সেই জাতি বিশ্বে নিজেদের পরিচয় তুলে ধরতে সক্ষম হয়। এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

শেষ পৃষ্ঠার পর

তিনি শিক্ষার্থীদের পাঠ্যক্রমের পাশাপাশি সাংস্কৃতিক কর্মকাণ্ডে যুক্ত হওয়ার আহ্বান জানান, যা মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

অনুষ্ঠানে নৃত্যশিল্পী শর্মিলা ব্যানার্জি ও সংগীতশিল্পী প্রিয়াঙ্কা গোপকে গুণিজন সম্মাননা দেওয়া হয়। সভাপতিত্ব করেন সাংস্কৃতিক সংসদের মডারেটর ড. রাশেদা রওনক খান। মুখ্য আলোচক ছিলেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক রেজাউদ্দিন স্টালিন।

## কালের কণ্ঠ

সংক্ষিপ্ত

# ঢাবি সাংস্কৃতিক সংসদের উদ্যোগে বর্ষবরণ উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

বাংলা নববর্ষ ঘিরে বর্ণাঢ্য আয়োজনে মুখরিত হয়ে উঠেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি)। 'বর্ষবরণ উৎসব ১৪৩৩' উপলক্ষে গতকাল মঙ্গলবার দিনব্যাপী গ্রামীণ মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক সংসদ। আয়োজনটির মিডিয়া পার্টনার হিসেবে ছিল কালের কণ্ঠ। সকাল থেকেই বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে উৎসবমুখর পরিবেশ বিরাজ করে। শিক্ষার্থী, সংস্কৃতিপ্রেমী মানুষসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশ নেন এ আয়োজনে। মেলায় রয়েছে গ্রামীণ ঐতিহ্যের প্রদর্শনী, লোকসংগীত, আবৃত্তি, নৃত্য এবং দেশীয় খাবারের আয়োজন। অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## আলোকিত বাংলাদেশ



### ঢাবি উপাচার্যের সঙ্গে জাইকা প্রতিনিধিদলের সাক্ষাৎ

**আলোকিত ডেস্ক :** ঢাকাস্থ জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) কারিগরি শিক্ষা ও উচ্চশিক্ষা বিষয়ক প্রধান উপদেষ্টা মিস সায়েরি মুটো-এর নেতৃত্বে ছয় সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলামের সঙ্গে তার কার্যালয়ে সাক্ষাৎ করেছে। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মোফাজ্জল হোসেন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, ফার্মেসি অনুষদের ডিন অধ্যাপক ড. সেলিম রেজা, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. উপমা কবির, ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স অফিসের পরিচালক অধ্যাপক ড. সৈয়দা রোযানা রশীদ, বিভিন্ন বিভাগের শিক্ষক এবং সংশ্লিষ্ট দফতরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জাইকার আর্থিক ও কারিগরি সহায়তায় কৃত্রিম বুদ্ধিমত্তা, নবায়নযোগ্য শক্তি, ফিনটেক, পরিবেশ এবং বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক উন্নয়ন প্রকল্প গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। সূত্র : সংবাদ বিজ্ঞপ্তি

## ইনকিলাব




### ঢাবিতে কর্মকর্তা-কর্মচারীদের কম্পিউটার প্রশিক্ষণ শুরু

প্রেস বিজ্ঞপ্তি : ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের আইসিটি বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'স্মার্ট অফিস ম্যানেজমেন্ট' শীর্ষক বিশেষ কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা গতকাল তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটে এই কর্মসূচির উদ্বোধন করেন। এসময় তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. বি এম মইনুল হোসেন উপস্থিত ছিলেন। প্রতি ব্যাচে ২৫ জন কর্মকর্তা-কর্মচারীকে সপ্তাহে ২ দিন প্রশিক্ষণ দেয়া হবে। প্রতিদিন ২ ঘণ্টা করে মোট ৩৬ ঘন্টা তাদের প্রশিক্ষণ প্রদান করা হবে। পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীকে এই প্রশিক্ষণের আওতায় আনা হবে।

## নয়া দিগন্ত

# ঢাবিতে আজ অনুষ্ঠিত হচ্ছে D.I.V.A Unbowed : নারী নেতৃত্ব ও উদ্ভাবনের মঞ্চ




**● নিজস্ব প্রতিবেদক**

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের (DUCC) উদ্যোগে এবং ইস্টার্ন ব্যাংক পিএলসি উপস্থাপনায় D.I.V.A Unbowed আজ বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

দিনব্যাপী এই আয়োজনে নারী উদ্যোক্তা, বিভিন্ন খাতের পেশাজীবী এবং শিক্ষার্থীদের অংশগ্রহণের Drive, Innovate, Venture, and Achieve (D.I.V.A) চেতনাকে উদযাপন করা হবে। অংশগ্রহণকারীদের উপস্থিতিতে অনুষ্ঠানটি পরিণত হবে এক প্রাণবন্ত মিলনমেলায়, ■ ১১ পৃ: ৩-এর কলামে

## ঢাবিতে আজ অনুষ্ঠিত হচ্ছে

৩য় পৃষ্ঠার পর

যেখানে থাকবে অনুপ্রেরণামূলক বক্তৃতা, জ্ঞানগর্ভ আলোচনা এবং নারী উদ্যোক্তাদের বিভিন্ন স্টল; যা তৈরি করবে একটি সমৃদ্ধ নেটওয়ার্কিং ও শেখার পরিবেশ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন Monoshita Ayruani (Founder, Shape), Tanjila Binte Hassan (Content Manager, Airwork AI) এবং Masha Islam (Singer-songwriter and Vocal Artist)। তারা তাদের অভিজ্ঞতা ও ভাবনা শেয়ার করে তরুণদের উদ্যোক্তা ও নেতৃত্বের পথে এগিয়ে যেতে অনুপ্রাণিত করবেন।

এ উদ্যোগের মাধ্যমে DUCC নারী উদ্যোক্তাদের এগিয়ে নেয়া এবং তরুণদের মাঝে উদ্ভাবন, আত্মবিশ্বাস ও নেতৃত্বের চর্চা আরো জোরদার করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।